

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৬৩৮(আগরতলা ১২। ১। ১)

আগরতলা, ১২ নভেম্বর, ২০২২

ত্রিপুরার প্রাক্তন রাজ্যপাল পি বি আচারিয়ার প্রয়াণে রাজ্যপালের শোক

ত্রিপুরার প্রাক্তন রাজ্যপাল পদবন্ধন বালাকৃষ্ণ আচারিয়ার প্রয়াণে রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিও নাল্লু গভীর শোক প্রকাশ করেছেন। আজ এক শোকবার্তায় রাজ্যপাল বলেন, ‘পদবন্ধন বালাকৃষ্ণ আচারিয়ার আকস্মিক প্রয়াণে আমি মর্মাহত। তিনি ২০১৪-১৫ সালে ত্রিপুরার রাজ্যপাল হিসেবে দায়িত্ব পালন করেছেন। তিনি আসাম, নাগাল্যান্ড, মণিপুর এবং অরুণাচল প্রদেশের রাজ্যপাল হিসেবেও দায়িত্ব পালন করেছেন।

শোকবার্তায় রাজ্যপাল আরও বলেন, পদবন্ধন বালাকৃষ্ণ আচারিয়া অনাড়ম্বর জীবন যাপন করতেন এবং দেশের সেবায় নিজেকে উৎসর্গ করেছিলেন। উত্তর-পূর্বের রাজ্যগুলোর রাজ্যপাল থাকার সময়ে তিনি যুব সম্প্রদায়ের উন্নতিতে এবং এই অঞ্চলের অগ্রগতির জন্য কাজ করেছেন। তাঁর প্রয়াণ দেশের জন্য এক অপূরনীয় ক্ষতি। রাজ্যপাল শ্রী নাল্লু শোকবার্তায় বলেছেন, ব্যক্তিগতভাবে ১৯৬৮ সাল থেকেই তাঁর সঙ্গে আমার পরিচয় ও আমাদের মধ্যে ঘনিষ্ঠতা গড়ে উঠে। উত্তর-পূর্বের রাজ্যগুলির রাজ্যপাল থাকাকালীন তিনি আমার বাড়িতে আসেন এবং ব্যক্তিগত অতিথি হিসেবে আমাকে আমন্ত্রণ জানিয়েছিলেন। তাঁর প্রয়াণ আমার কাছেও ব্যক্তিগত ক্ষতি। আমিও তাঁর পরিবারের সদস্যদের সঙ্গে সমব্যাপ্তি। এই কঠিন সময়ে অপূরনীয় ক্ষতি বহণ করার শক্তি ভগবান যেন তাঁর পরিবারের সদস্যদের দেন’।
